

নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ

বাংলাদেশে প্রায় ২৪০০০ কিঃ মিঃ নৌ-পথ রয়েছে। তন্মধ্যে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষের নৌ-সওপ বিভাগ বাংলাদেশের উপকূলীয় ও অভ্যন্তরীণ নৌ-পথে বর্ষা মৌসুমে প্রায় ৭৫০০ কিঃ মিঃ এবং শুষ্ক মৌসুমে ৪৫০০ কিঃ মিঃ নৌ-পথ সংরক্ষণ করে থাকে। তাছাড়া বিভিন্ন নৌ-বন্দরে লঞ্চ/ষ্টীমার যোগে যাত্রী ও পরিবহনকৃত মালামাল উঠানামার সুবিধার্থে পল্টুন স্থাপন করে থাকে। নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগের দায়িত্ব সুষ্ঠুভাবে সমাধানের জন্য ঢাকা সদর দপ্তরসহ ৭টি শাখা দপ্তর ও ২ টি উপ-শাখা দপ্তর রয়েছে

শাখা অফিস সমূহঃ

- ১। উত্তর পূর্ব ব-দ্বীপ শাখা, বাঅনৌপক, সদরঘাট, ঢাকা।
- ২। মধ্য ব-দ্বীপ শাখা, বাঅনৌপক, চাঁদপুর।
- ৩। পূর্ব ব-দ্বীপ শাখা, বাঅনৌপক, চট্টগ্রাম।
- ৪। পশ্চিম ব-দ্বীপ শাখা, বাঅনৌপক, খুলনা।
- ৫। দক্ষিণ ব-দ্বীপ শাখা, বাঅনৌপক, বরিশাল।
- ৬। উত্তর ব-দ্বীপ শাখা, বাঅনৌপক, সিরাজগঞ্জ
- ৭। আরিচা শাখা, বাঅনৌপক, আরিচা।
- ৮। উপ-শাখা, উত্তর পূর্ব ব-দ্বীপ শাখা, বাঅনৌপক, নাঃগঞ্জ।
- ৯। আশুগঞ্জ শাখা, ভৈরব
- ১০। মাওয়া শাখা, মাওয়া
- ১১। ভোলা শাখা, ভোলা
- ১২। চিলমারি শাখা, চিলমারি

নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগের দায়িত্ব ও কার্যাবলী:


১। (ক) নিরাপদ নৌ-চলাচলের জন্য নাব্যতা সৃষ্টির উদ্দেশ্যে নৌ-পথ সংরক্ষণ ও নদী খননের কর্মসূচী প্রণয়ন ও নৌ-পরিবহনের সুবিধার্থে অভ্যন্তরীণ ও উপকূলীয় নৌ-পথে বয়া বাতি, বিকন বাতি লোহার মার্কা, পি সি পোল মার্কা। বিভিন্ন ধরনের জিপিসীট/সিআইসিট এর মার্কা, বাঁশের মার্কা ইত্যাদি সংগ্রহ, স্থাপন ও সংরক্ষণ করা:


(খ) পাইলটেজ সার্ভিস অডিন্যান্স অনুযায়ী এবং প্রয়োজন অনুসারে বিভিন্ন নৌ-পথে নৌ-যান চলাচলে সহায়তর জন্য নৌ-যানে পাইলটেজ সার্ভিস প্রদান করা:

(গ) নতুন নৌ-পথ খুঁজে বের করা এবং জরীপ পরিচালনার সহায়তা করা।

(ঘ) যাত্রী ও মালামাল নিরাপদে উঠানামার সুবিধার্থে বিভিন্ন ঘাটে সম্প্রতি ৬৪৯টি পল্টুন (স্থাপন, প্রতিস্থাপন, পুনঃস্থাপন ও ঘাটে সমন্বয় করা এবং ক্ষতিগ্রস্ত পল্টুন ঘাটে জরুরী মেরামতপূর্বক ঘাট সচল রাখা।।

(ঙ) নৌ-পথের ড্রাফট, ভার্টিক্যাল ও হরাইজেন্টাল ক্লিয়ারেন্স মাত্রা উল্লেখ করে মাসিক ভিত্তিতে নদী বিজ্ঞপ্তি জারী করা:


০৫।০৬।২৩
মোঃ ওয়াসিম আকরাম
সহকারী (প্রশাসন)
নৌ-সওপ বিভাগ
বিআইডব্লিউটিএ, ঢাকা।
নোট প্রশাসন


মোঃ মিজানুর রহমান
সহকারী সমন্বয় কর্মকর্তা (প্রশাসন)
নৌ-সওপ বিভাগ, বাঅনৌপক, ঢাকা। 1